

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১২

তারিখঃ কার্তিক ১২, ১৪২৭
অক্টোবর ২৮, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই
(CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এবং আগস্ট ৩১, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাত পুনরুজ্জীবিতকরণে সরকার ঘোষিত আর্থিক প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে এসএমইএসপিডি সার্কুলার নং-০১ তারিখঃ এপ্রিল ১৩, ২০২০ এর ১(খ) অনুচ্ছেদের মাধ্যমে উৎপাদন ও সেবা উপখাতে অধিক সংখ্যক জনবল নিয়োজিত থাকায় এই দুই উপখাতকে প্রাধান্য প্রদানপূর্বক মাইক্রো ও ক্ষুদ্র শিল্পে ব্যবসা উপখাতকে আর্থিক প্রণোদনা প্যাকেজের অন্তর্ভুক্ত করা হয়। সেই সাথে উৎপাদন, সেবা ও ব্যবসা উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার যথাক্রমে ৫০, ৩০ ও ২০ শতাংশে নির্ধারণ করা হয়। পরবর্তীতে, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭ তারিখঃ আগস্ট ৩১, ২০২০ এর ০২(ক) নং অনুচ্ছেদের মাধ্যমে আলোচ্য প্যাকেজের আওতায় উৎপাদন ও সেবা খাতে বাৎসরিক ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার যথাক্রমে ৫০ ও ৩০ শতাংশের পরিবর্তে উক্ত উপখাতদ্বয়ে সামগ্রিকভাবে ৮০ শতাংশে পুনর্নির্ধারণ করা হয়।

০৩। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতের অন্তর্ভুক্ত শিল্প ও সেবা উপখাতে উল্লেখযোগ্য পরিমাণ ঋণ বিতরণ করা হলেও আলোচ্য প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন অগ্রগতি আশানুরূপ হয়নি। তাছাড়া, ব্যবসা উপখাতে নিয়োজিত মাঠ পর্যায়ের উদ্যোক্তাগণ ও বিভিন্ন ব্যবসায়িক সংগঠন উক্ত উপখাতে আলোচ্য প্রণোদনা প্যাকেজের আওতায় ক্ষতিগ্রস্ত সিএমএসএমই প্রতিষ্ঠানসমূহের অনুকূলে বরাদ্দ বৃদ্ধির অনুরোধ জানিয়েছে।

০৪। এক্ষণে, শিল্প ও সার্ভিস সেক্টরে কর্মসংস্থান বহাল রাখার পাশাপাশি ব্যবসায়(ট্রেডিং এ) নিয়োজিত প্রকৃত ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের ক্ষতি হ্রাসকল্পে উক্ত উপখাতে ঋণ চাহিদা পূরণের লক্ষ্যে চলতি মূলধন বাবদ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হল :


ক. এসএমইএসপিডি সার্কুলার নং-১/২০২০ এর ১(খ) অনুচ্ছেদে বর্ণিত ব্যবসা (ট্রেডিং) উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার ২০ শতাংশের পরিবর্তে সর্বোচ্চ ৩০ শতাংশে নির্ধারণ; এবং

খ. অত্র প্রণোদনা প্যাকেজ এর আওতায় ব্যবসা(ট্রেডিং) উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত/প্রদেয় বিনিয়োগ এর অনুপাত বাৎসরিক ঋণ/বিনিয়োগের ২০ শতাংশের বেশী হলে (যা কোনভাবেই ৩০ শতাংশের অধিক হতে পারবে না) সমানুপাতিক হারে উৎপাদন ও সেবা উপখাতে প্রদত্ত/প্রদেয় ঋণ/বিনিয়োগের অনুপাত হ্রাস পাবে। তবে, উক্ত উৎপাদন ও সেবা উপখাতে প্রদত্ত/প্রদেয় সামগ্রিক ঋণের অনুপাত ৭০ শতাংশের কম হবে না।

০৫। এতদ্ব্যতীত বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(হুসনে আরা শিখা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২